

গুচ্ছ নয়, নিজস্ব ব্যবস্থাপনায় ভর্তি চায় ইবি শিক্ষক সমিতি

ইবি প্রতিনিধি

২৬ ফেব্রুয়ারি ২০২৩

০৯:৫০ পিএম | আপডেট:

২৬ ফেব্রুয়ারি ২০২৩

০৯:৫০ পিএম

17
Shares



ইসলামী বিশ্ববিদ্যালয়। ছবি: সংগৃহীত

advertisement

ইসলামী বিশ্ববিদ্যালয়ের (ইবি) ২০২২-২৩ শিক্ষাবর্ষের স্নাতক সম্মান প্রথম বর্ষের ভর্তি পরীক্ষায় গুচ্ছে পদ্ধতিতে না গিয়ে নিজস্ব ব্যবস্থাপনায় ভর্তি পরীক্ষা নেওয়ার সিদ্ধান্তে অটল বিশ্ববিদ্যালয়ের শিক্ষক সমিতি। আজ রোববার বিকেলে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক সমিতির কক্ষে সংবাদ সম্মেলনের মাধ্যমে বিষয়টি নিশ্চিত করেছেন শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ড. জাহাঙ্গীর হোসেন ও সাধারণ সম্পাদক অধ্যাপক ড. তপন কুমার জোয়াদার।

জানা গেছে, গত ১২ ফেব্রুয়ারি গুচ্ছ পদ্ধতি থেকে ফিরে নিজস্ব পদ্ধতিতে ভর্তি পরীক্ষার দাবি জানিয়েছে ইসলামী বিশ্ববিদ্যালয়ের (ইবি) শিক্ষক সমিতি। তখন গুচ্ছ প্রক্রিয়ায় নানা অব্যবস্থাপনা, শিক্ষার্থীদের ভোগান্তি ও সংক্ষিপ্তের কথা তুলে ধরেছিলেন তারা। বিষয়টি শিক্ষার্থীবান্ধব নয় বলে

২০২২-২৩ শিক্ষাবর্ষ থেকে নিজস্ব পদ্ধতিতে ফিরে আসার আহ্বান জানিয়ে উপাচার্যকে চিঠির মাধ্যমে অবগত করেন তারা।

advertisement

সম্মেলনে লিখিত বক্তব্যে শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক ড. তপন কুমার জোদার বলেন, ‘আমরা ২০২০-২০২১ শিক্ষাবর্ষে দেশের ২১ পাবলিক বিশ্ববিদ্যালয়ের সঙ্গে সমন্বিত করে ভর্তি প্রক্রিয়ায় অংশগ্রহণ করেছিলাম। তখন দেখা যায় সমন্বিত ভর্তি প্রক্রিয়ায় শিক্ষার্থীদের জন্য আরও কঠিন হয়ে যাচ্ছে। আমরা ২০২১-২২ শিক্ষাবর্ষে সমন্বিত ভর্তি পরীক্ষায় না যাওয়ার জন্য মতামত দিয়েছিলাম। তবে শর্ত সাপেক্ষে আবারও যেতে হয়। কিন্তু এই সমস্যা আরও বাঢ়ছে। তাই আমরা লিখিতভাবে উপাচার্য, উপ-উপাচার্য ও কোষাধ্যক্ষকে জানিয়েছি এবার থেকে নিজস্ব পদ্ধতিতে পরীক্ষা নেওয়ার জন্য।’

advertisement 4

শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ড. জাহাঙ্গীর হোসেন জানান, ‘ইবি স্বতন্ত্র ভর্তি পরীক্ষা নিয়ে আগে অনেক সুনাম কুড়িয়েছে। কিন্তু গুচ্ছে যাওয়ায় সব বিভাগে শিক্ষার্থীরা পরিপূর্ণ হচ্ছে না। ভোগান্তি হচ্ছে বেশি। তাই শিক্ষক সমিতি গুচ্ছতে না যাওয়ার পক্ষে সিদ্ধান্ত গ্রহণ করেছি। এখন পর্যন্ত আমরা সকল শিক্ষক গুচ্ছে না যাওয়ার পক্ষে আটল আছি।’